



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।



[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)

স্মারক নং-৭জি-২৯৯ (ক-৩)/২০১০/৪ ১৬/৮

তারিখ: ৬/০২/২০২২খ্রি.

বিষয়: বগুড়া জেলার দুপচাঁচিয়া উপজেলাধীন দুপচাঁচিয়া জাহানারা কামরুজ্জামান (জে,কে) ডিগ্রি কলেজের সহকারী  
অধ্যাপক জনাব মো: আফতাব হোসেন-এর বকেয়া বেতন-ভাতাদি প্রদান।

সূত্র: ১. কলেজের স্মারক নং- দুপঃজেকে ডিগ্রি কলেজ/বগ/২০২০/৬২; তারিখ: ১৮/০৭/২০২০খ্রি.

২. মোকদ্দমা নং-৩১/২০১০ এবং আপিল মামলা নং-১২৩/১০১০খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দুপচাঁচিয়া উপজেলাধীন দুপচাঁচিয়া জাহানারা কামরুজ্জামান (জে,জে) ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক জনাব মো: আফতাব হোসেন-কে কলেজ কর্তৃপক্ষ ফৌজদারি মামলায় (নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১, বগুড়া এর মোকদ্দমা নং-২১৮/০৯) কারণে সাময়িক বরখাস্ত করেন। উক্ত মামলার বিষয়ে অত্র অধিদপ্তরের আইন উপদেষ্টার মতামত: “সহকারী অধ্যাপক জনাব মো: আফতাব হোসেনের বরখাস্তকালীন সময়ের (০১/০৩/২০১৩ থেকে ৩০/০৪/২০১৯ পর্যন্ত) বকেয়া জনবল কাঠমো অনুসারে কলেজ কর্তৃপক্ষ প্রদান করবে।” এমতাবস্থায়, বর্ণিত বিষয়ে মাউশি অধিদপ্তরের স্মারক নং-৭জি-২৯৯(ক-৩)/২০১০/৪২৭৯/৪; তারিখ: ০২/১০/২০১৯খ্রি. মোতাবেক অধ্যক্ষকে নির্দেশনা প্রদান করা হয়েছে। অধ্যক্ষ কর্তৃক উক্ত বিষয়টি বাস্তবায়িত না হওয়ায় উল্লিখিত সময়ের বকেয়ার জন্য পুনরায় আবেদন করেছেন। সেই প্রেক্ষিতে মাউশি অধিদপ্তরের ০২/১০/২০১৯খ্রি. তারিখের পত্রের মর্ম অনুসারে ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

( মোঃ আবদুল কাদের )

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোনঃ ৯৫৫৬০৫৭

Email-ncollege@ dshe.gov.bd

অধ্যক্ষ

দুপচাঁচিয়া জাহানারা কামরুজ্জামান (জে, কে) ডিগ্রি কলেজ  
দুপচাঁচিয়া, বগুড়া।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রাজশাহী অঞ্চল, রাজশাহী;
- ২। সভাপতি, দুপচাঁচিয়া জাহানারা কামরুজ্জামান (জে, জে) ডিগ্রি কলেজ, দুপচাঁচিয়া, বগুড়া;
- ৩। জেলা শিক্ষা অফিসার, বগুড়া;
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আদমদীঘি, বগুড়া;
- ৫। জনাব জনাব মোঃ আফতাব হোসেন, সহকারী অধ্যাপক (হিসাববিজ্ঞান), দুপচাঁচিয়া জাহানারা কামরুজ্জামান (জে,কে) ডিগ্রি কলেজ, দুপচাঁচিয়া, বগুড়া;
- ৬। সংরক্ষণ কপি।